

বরাবর,

অফিসার ইন-চার্জ,  
তেজগাঁও থানা,  
ডিএমপি, ঢাকা।

বিষয় : অভিযোগ

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী এসআই/ খোকন মিয়া, সঙ্গীয় এএসআই/ হাবিবু ক্ব/১৩৯৫৩ শামীম মোদুদী, আনসার/১৩৬১৯ আফরোজ আলী, আনসার/৬৬২৮১ মিঠু মিয়া সর্ব তেজগাঁও থানা, ঢাকা থানায় আসিয়া এই মর্মে এজাহার করিতেছি যে, তেজগাঁও থানার জিডি নং-৭১৬, তাং-১২/০৮/১৬ ইং মূলে থানা এলাকায় রোমিও-৬১ ডিউটিকরাকালীন ১৯.৫৫ ঘটিকায় থানা হতে বেতার মারফত সংবাদ পাই যে, থানাধীন কাওরান বাজার ওয়াসা ভবনের পশ্চিম পাশে পাকা রাস্তার উপর সড়ক দুর্ঘটনা সংঘটিত হয়েছে। উক্ত ভিত্তিতে আমি দ্রুত সেখানে উপস্থিত হই এবং জানতে পারি যে, একটি মাইক্রোবাস যাহার রেজিঃ নং-ঢাকা মে ৭৮০৭ দ্রুত ও বেপরোয়া গতিতে চলিয়ে ইং-১২/০৮/১৬ তারিখ ১৯.৫০ ঘটিকায় একজন মহিলা পথচারীকে পি ধাক্কা দিয়ে রাস্তায় ফেলে দিয়ে দ্রুত প্যান প্যাসিফিক হোটেল সোনারগা এর দিকে পালিয়ে গেছে এবং আহত গুরুতর অবস্থায় ১। মোঃ জাহিদুল করিম(৩৯), পিং- মৃত ডাক্তার ফজলুল করিম, মাতা-মৃত ফজিলাতুন নে নিমতলী, থানা-তারানগর, জেলা-কেরানীগঞ্জ, এ/পি বাসা নং-২৩৩ রোড নং-০৩, মোহাম্মদীয়া হাউজিং সোসাই আদাবর, ঢাকা মোবাইল ০১৭১৩৪২৪৩০৪, ২। আঃ সালাম(৩৩), পিং- মোঃ দেলোয়ার হোসেন, মাতা- মনোয়ার সাং-ভবনাথপুর, থানা-সোনারগা, জেলা-নারায়নগঞ্জ এ/পি বাসা নং- দক্ষিণ বনশ্রী ১২/২২, থানা-খিলগাঁও, সহায়তায় চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করি। তখন আমি পলাতক মাইক্রোবাস আটক করার জন্য বেতার মারফত থানা কন্ট্রোল এর মাধ্যমে ডিএমপি কন্ট্রোল রুমকে অবহিত করি। মাইক্রোবাসটিকে ধাওয়া করিয়া তেজগাঁও থানাধীন লাভরোড হইতে বিজয়স্বরনী যাওয়ার পথে ফ্লাইওভারের মাধ্য আটক করি। উক্ত সময় গাড়ীতে থাকা অজ্ঞাতনামা চালক পালাইয়া যাইতে সক্ষম হয়। আমি পরবর্তীতে মাইক্রোবাসটি জব্দতালিকা মূলে জব্দ করিয়া থানায় নিয়া আসি। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে সবিস্তারে অবহিত ভিকটিমের খোঁজ খবর নেওয়ার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের উদ্দেশ্যে সঙ্গীয় ফোর্স সহ রওনা মেডিকেল কলেজ হাসপাতালে উপস্থিত হয়ে খোঁজ খবর নেওয়ার সময় জানা যায় যে, দুর্ঘটনায় আক্রান্ত আহত ম মেডিকেল কলেজ হাসপাতালের জরুরী বিভাগে ইং-১২/০৮/১৬ তারিখ চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। ঘটনাস্থলে এসে লোকজনদের জিজ্ঞাসাবাদে জানা যায় যে, উক্ত মহিলা কাওরান বাজার ওয়াসা গলি হইতে সুপারস্টার এর দিকে যাওয়ার পথে রাস্তা পারাপারের সময় উক্ত মাইক্রোবাসটি ফার্মগেট হইতে হোটেল সোনারগ এর দিকে যাওয়ার সময় বর্ণিত ঘটনাস্থলে পৌঁছালে বর্ণিত মাইক্রোবাসের চালক দ্রুত ও বেপরোয়া গতিতে গার পিছন দিক থেকে ভিকটিমকে সজোরে ধাক্কা দিলে ভিকটিম রাস্তায় পড়ে গিয়ে গুরুতর আহত হয়। ত মাইক্রোবাসের চালক দ্রুত ও বেপরোয়া গতিতে গাড়ী চালিয়ে অজ্ঞাতনামা মহিলাকে সজোরে ধাক্কা মেরে ম ২৭৯/৩০৪-খ পেনাল কোড ধারায় অপরাধ করেছে। মৃতের লাশ ঢাকা মেডিকেল কলেজ মর্গে প্রেরণ করে কর্তৃপক্ষের সহিত আলোচনা করে থানায় এসে এজাহার দায়ের করতে বিলম্ব হল। উল্লেখ্য যে, দুর্ঘটনা কবলিত ত মৃত মহিলার সহিত এক বছরের একটি কন্যা সন্তান রহিয়াছে। তাকে বর্তমানে ভিকটিম সাপোর্ট সেন্টার, ডিএমা হেফাজতে আছে।

অতএব, প্রার্থনা উক্ত বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে মর্জি হয়।

বিনীত  
মোঃ খোকন মিয়া  
(খোকন মিয়া)  
এসআই  
তেজগাঁও থানা  
ডিএমপি, ঢাকা।  
তাং-১২/০৮/১৬ ইং।

বিনীত নিবেদনকারী কর্তৃক সত্যতা  
প্রমাণিত হইয়াছে।  
৩০৪-২৭৯/৩০৪-খ পেনাল  
কোড ধারায় অপরাধ  
করেছে।

স্বাক্ষর  
হাবিবু ক্ব